গোয়াইনঘাট নন্দিরগাও বিএনপির প্রস্তুতি সভা সম্পন্ন

ডেস্ক রিপোর্ট: সিলেট জেলা বিএনপির সাবেক সহ সভাপতি ও গোয়াইনঘাট উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল হাকিম চৌধুরী বলেছেন, বর্তমান সরকারের অধীনে আর কোন নির্বাচনে যাবে না বিএনপি। বর্তমান সরকারকে বিদায় করে নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠিত হবে। দেশ এবং দেশের মানুষ আজ কঠিন সংকটে রয়েছে। দেশের যে কোন সঙ্কটময় মুহুর্তে বিএনপি অগ্রনী ভুমিকা পালন করে আসছে। তাই মাঠ পর্যায়ে বিএনপির এত জনপ্রিয়তা। আগামী ২০ নভেম্বর সিলেট বিভাগীয় গণসমাবেশ সফলের মাধ্যমে প্রমাণ হবে বিএনপিই গণমানুষের জনপ্রিয় রাজনৈতিক দল। গণসমাবেশ সফল করতে তৃনমূল পর্যায়ের বিএনপি অঙ্গ ও সহযোগী সংগঠনের সর্বস্তরের নেতাকর্মীকে সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করতে হবে।
তিনি শুক্রবার বিকেলে নন্দিরগাও ইউনিয়নের সালুটিকরস্থ একটি মাঠে আগামী ২০ নভেম্বরের বিএনপির সিলেট বিভাগীয় গণসমাবেশ সফলের লক্ষ্যে গোয়াইনঘাট উপজেলার নন্দিরগাও ইউনিয়ন বিএনপি অঙ্গ ও সহযোগী সংগঠন আয়োজিত প্রস্তুতি সভায় প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন।
নন্দিরগাঁও ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুল মতিনের সভাপতিত্বে ও সাংগঠনিক সম্পাদক জিয়াউল হক জিয়ার পরিচালনায় অনুষ্ঠিত সভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন গোয়াইনঘাট উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ জসিম উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক সাবেক চেয়ারম্যান মাহবুব আহমেদ, সাংগঠনিক সম্পাদক জয়নাল আবেদীন, গোয়াইনঘাট উপজেলা যুবদলের আহবায়ক এডভোকেট শাহজাহান সিদ্দিকী, উপজেলা সেচ্ছাসেবক দলের আহবায়ক আহমেদ হুমায়ুন জামাল, উপজেলা কৃষক দলের সদস্য সচিব জিয়া উদ্দিন।
অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গোয়াইনঘাট উপজেলা বিএনপির সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক ফরিদ আহমদ, উপজেলা বিএনপির সদস্য বিলাল উদ্দিন, হেলাল আহমদ বাদশা, আমির উদ্দিন, নন্দিরগাঁও ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ ইব্রাহিম আলী, উপজেলা যুবদলের আহবায়ক কমিটির সদস্য খলিলুর রহমান, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক কমিটির সদস্য কামাল আহমদ ও আব্দুল মুমিন আজাদ প্রমুখ। সভায় গোয়াইনঘাট উপজেলা, নন্দিরগাঁও ইউনিয়ন বিএনপি অঙ্গ ও

সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের বিপুল সংখ্যক নেতাকর্মী ও সমর্থকবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি